



শপথ নিলেন বিএনপির নবনির্বাচিত এমপিরা



সংগৃহীত ছবি

জাতীয় সংসদ ভবনের শপথকক্ষে মঙ্গলবার সকালে নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন তাঁদের শপথ পাঠ করান।

বিকেলে দক্ষিণ প্রাজায় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ পড়াবেন। নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠনের পথে রয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। দলটির শীর্ষ নেতা তারেক রহমান প্রধানমন্ত্রীর দায়িত্ব নিতে যাচ্ছেন—এতে জিয়া পরিবারের তৃতীয় প্রজন্ম থেকে কেউ সরকারপ্রধান হচ্ছেন। এর আগে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান রাষ্ট্রপতি এবং খালেদা জিয়া তিন দফা প্রধানমন্ত্রী ছিলেন। সর্বশেষ ২০০১ সালে খালেদা জিয়ার নেতৃত্বে সরকার গঠন করেছিল বিএনপি।

এবার ২৯৭টি আসনের ঘোষিত ফলে বিএনপি পেয়েছে ২০৯টি আসন, মিত্রদের বুলিতে গেছে আরও ৩টি। বাংলাদেশ জামায়াতে ইসলামী পেয়েছে ৬৮টি আসন। তাদের জোটসঙ্গী জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) জিতেছে ৬টি আসনে। ইসলামী আন্দোলন বাংলাদেশ পেয়েছে ১টি এবং স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন ৭টিতে।

তারেক রহমান প্রথমবারের মতো নির্বাচনে অংশ নিয়ে ঢাকা-১৭ ও বগুড়া-৬—দুই আসনেই জয়ী হন। পরে তিনি ঢাকা-১৭ রেখে বগুড়া-৬ ছেড়ে দিয়েছেন। ফলে ওই আসনে উপনির্বাচন আয়োজন করবে নির্বাচন কমিশন।